# হিন্দু সম্প্রদায়কে ভোটের হাতিয়ার বানিয়েছে আওয়ামী লীগ: তথ্য উপদেষ্টা



সংগৃহীত ছবি

তথ্য উপদেষ্টা মাহফুজ আলম বলেছেন, আওয়ামী লীগ দীর্ঘদিন ধরে হিন্দু সম্প্রদায়কে রাজনৈতিক স্বার্থে ব্যবহার করেছে। তিনি অভিযোগ করেন, আওয়ামী লীগের নেতাকর্মীরাই সারা দেশে হিন্দুদের জমি দখল করেছে। তবে এবার রাষ্ট্র দায়িত্ব এড়াবে না বলে আশ্বাস দেন তিনি।

তথ্য উপদেষ্টা মাহফুজ আলম অভিযোগ করে বলেছেন, আওয়ামী লীগ সবসময় হিন্দু ধর্মাবলম্বীদের একটি 'ভোট ব্যাংক' হিসেবে ব্যবহার করেছে। বুধবার (১ অক্টোবর) সন্ধ্যায় ঢাকেশ্বরী মন্দিরে দুর্গাপূজা উপলক্ষে শুভেচ্ছা বিনিময়ের সময় তিনি এ মন্তব্য করেন।

মাহফুজ আলম বলেন, "শেখ হাসিনা হিন্দু সম্প্রদায়কে বোঝাতে চেয়েছিলেন যে তিনি তাদের পাশে রয়েছেন। কিন্তু বাস্তবে আওয়ামী লীগের নেতাকর্মীরাই দেশের বিভিন্ন স্থানে হিন্দুদের জমি দখল করেছে। আমার নিজ এলাকারও একই চিত্র।"

LENS ASIA

তিনি আরও বলেন, "আগে অনেক ক্ষেত্রে রাষ্ট্র দায় এড়িয়েছে। কিন্তু এবার রাষ্ট্র আর পেছনে থাকবে না। কোথাও কোনও হামলার ঘটনা ঘটলে তাৎক্ষণিকভাবে ব্যবস্থা নেওয়া হবে।"

এ সময় পূজামণ্ডপে উপস্থিত হিন্দু ধর্মাবলম্বীদের তিনি শুভেচ্ছা জানান এবং তাদের নিরাপত্তার বিষয়ে আশ্বস্ত করেন।